



বাংলাদেশ নির্বাচন কমিশন
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়
জয়পুরহাট
www.ecs.gov.bd

নং-১৭.০৪.৩৮০০.০০০.৩২.০০১.২২-১৯৪

তারিখঃ ০৬/০৪/২০২২খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন সচিবালয়ের ২৮/০৩/২০২২ তারিখের ১৭.০০.০০০০.০২৬.৩২.০১৬.২১-১৮১, সংখ্যক পত্রের প্রেক্ষিতে ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ-২০২২ উপলক্ষে জয়পুরহাট জেলার সদর, পাঁচবিবি, আক্কেলপুর, কালাই ও ক্ষেতলা উপজেলার ভোটার রেজিস্ট্রেশন কার্যক্রমের জন্য প্রয়োজনীয় জনবলের প্যানেল তৈরির নিমিত্তে নিম্নলিখিত পদের জন্য বর্ষিত শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশি নাগরিকদের মধ্যে আত্মসি প্রার্থীর নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	মন্তব্য
০১	টেকনিক্যাল এক্সপার্ট/ সাপোর্ট	এইচ.এস.সি (কম্পিউটার ডিপ্লোমা/ সমমানের ডিগ্রী থাকতে হবে)	ছবিসহ ভোটার তালিকা ও স্মার্ট জাতীয় পরিচয়পত্র বিতরণ কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	
০২	টিম লিডার	এইচ.এস.সি (কম্পিউটার ডিপ্লোমা/ সমমানের ডিগ্রী থাকতে হবে)		
০৩	প্রফ রিডার	এইচ.এস.সি (কম্পিউটার ডিপ্লোমা/ সমমানের ডিগ্রী থাকতে হবে)		
০৪	ডাটা এন্ট্রি অপারেটর	এইচ.এস.সি কম্পিউটার ডিপ্লোমা/ সমমানের ডিগ্রী থাকতে হবে)		
০৫	ডাটা এন্ট্রি হেলপার	এস,এস, সি		

উল্লেখিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদেরকে আগামী ২৬/০৪/২০২২খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার (অফিস চলাকালীন সময়ের মধ্যে) “ জেলা নির্বাচন অফিসার জয়পুরহাট” এর বরাবর আবেদন দাখিল করতে হবে। আবেদনপত্রে এবং খামের উপরে পদের নাম উল্লেখ পূর্বক জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, জয়পুরহাট অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে আবেদনপত্র দাখিল করা যাবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না। শর্তাবলীঃ

১. আত্মসি প্রার্থীদেরকে দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, নাগরিকত্ব সনদপত্র, চেয়ারম্যান/গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র/কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ (পদের নাম, নিজ নাম, পিতার ও মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর এবং অভিজ্ঞতা উল্লেখ পূর্বক) পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তসহ আবেদনপত্র দাখিল করতে হবে।
২. ইতোপূর্বে ছবিসহ ভোটার তালিকার কাজে নিয়োজিত ছিলেন এরূপ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা/থানা নির্বাচন অফিসারের নিকট হতে “টেকনিক্যাল এক্সপার্ট/সাপোর্ট , টিম লিডার/প্রফ রিডার/ ডাটা এন্ট্রি অপারেটর/ ডাটা এন্ট্রি হেলপার পদে নিয়োজিত ছিলেন” এই মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
৩. টেকনিক্যাল এক্সপার্ট বা সাপোর্ট ও টিম লিডার পদের জন্য সফটওয়্যার হার্ডওয়্যার ও যন্ত্রপাতি তাৎক্ষণিক সমস্যার সমাধান করতে পারেন এমন প্রার্থী, প্রফ রিডার পদের জন্য বাংলা বানান ও ভাষাগত জ্ঞান এবং ইংরেজিতে পারদর্শী প্রার্থী এবং ডাটা এন্ট্রি প্রার্থীদের জন্য টাইপ (ইংরেজি ও বাংলা শুদ্ধ লিখন পদ্ধতি) পারদর্শী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে;
৪. ভোটার তালিকা হালনাগাদ কাজের জন্য শুধু প্রয়োজন অনুসারে নির্বাচিত প্রার্থীদের প্যানেল হতে নিয়োগ করা হবে।
৫. যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের ডাকযোগে/মোবাইল ফোনে নির্ধারিত তারিখে মৌখিক/লিখিত/ব্যবহারিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে। জরুরী যোগাযোগের জন্য আবেদনপত্রে বর্তমান ঠিকানার সাথে মোবাইল/টেলিফোন নম্বর উল্লেখ করতে হবে।
৬. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
৭. আবেদনপত্র গ্রহণ/বাতিলা অথবা নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন বা সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
৮. উপরেলিখিত পদসমূহ সম্পূর্ণ আত্মসি ভিত্তিতে হালনাগাদ কার্যক্রম সময়ের জন্য উপজেলা/ থানা ভিত্তিক নিয়োগ প্রদান করা হবে এবং নির্বাচন কমিশন সচিবালয়/প্রকল্প কার্যালয়কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুসারে উপরোক্ত কাজের জন্য অর্থ প্রদান করা হবে।
৯. ছবিসহ ভোটার তালিকা প্রণয়নের কাজে দক্ষতাসহ অনুরূপ কাজে অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য করা হবে।
১০. টেকনিক্যাল এক্সপার্ট/সাপোর্ট , টিম লিডার/প্রফ রিডার/ডাটা এন্ট্রি অপারেটর/ডাটা এন্ট্রি হেলপার এর দায়িত্ব অবহেলায় রেজিস্ট্রেশন যন্ত্রপাতির কোন ক্ষতি বা বিনষ্ট বা হারোনা গেলে তা তিনি প্রতিস্থাপন করিতে বাধ্য থাকবেন;
১১. কাজে অদক্ষতা কিংবা অসদুপায়ের জন্য পূর্বে বহিষ্কৃত কোন ব্যক্তিকে নিয়োগ প্রদান করা হবে না।

(মুহাম্মদ আমিনুর রহমান মিঞা)

জেলা নির্বাচন অফিসার

জয়পুরহাট

☎️ ০৫৭১-৬২২৪০

Email: deo.joypurhat.ecs@gmail.com

তারিখঃ ০৬/০৪/২০২২খ্রিঃ

নং-১৭.০৪.৩৮০০.০০০.৩২.০০১.২২-১৯৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ-

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, আইডিইএ-২ প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৪। মহাপরিচালক, নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, জয়পুরহাট।
- ৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ৭। পুলিশ সুপার, জয়পুরহাট।
- ৮। উপজেলা নির্বাচনী অফিসার (সকল) জয়পুরহাট।
- ৯। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জয়পুরহাট।
- ১০। জেলা তথ্য অফিসার, জয়পুরহাট (তাকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধসহ)।
- ১১। উপজেলা নির্বাচন অফিসার (সকল) জয়পুরহাট। (তাকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধসহ)।
- ১২। সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট (তাকে বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রচারের জন্য অনুরোধসহ)।
- ১৩। নোটিশ বোর্ড.....।

জেলা নির্বাচন অফিসার

জয়পুরহাট